গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৪৪

**রাজশাহীতে জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস উদ্‌যাপন**

রাজশাহী, ২৮ শ্রাবণ (১২ আগস্ট):

আজ মঙ্গলবার (১২ আগস্ট) জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস। দিবসটি সারাদেশের ন্যায় রাজশাহীতেও যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে রাজশাহী জেলা প্রশাসন ও যুব উন্নয়ন অধিদপ্তরের যৌথ উদ্যোগে নানা কর্মসূচির আয়োজন করা হয়।

এ উপলক্ষ্যে দুপুর বারোটায় জেলা প্রশাসকের কার্যালয় চত্বর হতে যুব র‍্যালি বের করা হয়। র‍্যালি শেষে বেলুন-ফেস্টুন উড়িয়ে দিবসটির উদ্বোধন করেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার মো. রেজাউল আলম সরকার। পরে জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে দিবসটির প্রতিপাদ্য– 'প্রযুক্তি নির্ভর যুবশক্তি, বহুপাক্ষিক অংশীদারিত্বে অগ্রগতি' এর উপর এক আলোচনা সভা অনুষ্ঠিত হয় ।

সভায় প্রধান অতিথির বক্তৃতায় মো. রেজাউল আলম সরকার বলেন, যুব শক্তি আমাদের পথ চলার অন্যতম শক্তি। এই শক্তিকে কাজে লাগিয়ে যুবকদের পড়াশোনা শেষে চাকরির আশায় বসে না থেকে নতুন নতুন উদ্যোগ গ্রহণ করতে হবে। উদ্যোক্তা হয়ে নিজের কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যের কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। এর মাধ্যমে আমাদের অর্থনীতি এগিয়ে যাবে, দেশ এগিয়ে যাবে। সফল উদ্যোক্তাদের পথচলা নতুন উদ্যোক্তাদের অনুপ্রেরণার জায়গাকে আরও বিস্তৃত করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, কাজে কোনো লজ্জা নেই বরং কাজ না করাটাই লজ্জার। যুবকরা যেকোনো ধরনের কাজ করে দেশকে এগিয়ে নিতে পারে।

স্থানীয় উদ্যোক্তাদের পণ্যের গুণগত মান বজায় রাখার পরামর্শ দিয়ে তিনি বলেন, আমরা বিদেশি কোম্পানির পরিবর্তে দেশীয় উদ্যোক্তাদের পণ্য কিনতে চাই। এসময় ক্রেতাদের দেশীয় উদ্যোক্তাদের থেকে পণ্য ক্রয় করে তাদের উৎসাহিত করতে আহ্বান জানান তিনি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী পুলিশ সুপার ফারজানা ইসলাম। স্বাগত বক্তব্য রাখেন যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক এ.টি.এম গোলাম মাহবুব। অনুষ্ঠানে বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, প্রশিক্ষক-প্রশিক্ষণার্থী এবং গণমাধ্যমকর্মীগণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে ১৪ জনের হাতে ১২ লক্ষ ৫০ হাজার টাকার যুবঋণের চেক এবং সফল উদ্যোক্তাদের হাতে ক্রেস্ট তুলে দেওয়া হয়।

.....................................................................

রুহুল/আতিক/স্মিতা/আলীম/হালিম/২০২৫/১৭.০০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd